



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ


www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০৭.১৭.১৭১

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ।
১০ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে ফলোআপ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে ফলোআপ সভা বিগত ০৬ ডিসেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত/কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।


০১.১২.১৮

মোঃ শাহিন মিয়া

উপসচিব

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

e-mail: ds_coordination@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৭. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৮. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
১০. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
১১. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১২. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৩. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু), বিএডিসি, ঢাকা।
১৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৫. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, রেজি নং-১৯০৩, সিবিএ, কৃষি ভবন, ঢাকা।
১৭.
১৮. অফিস কপি।



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে ফলোআপ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময় : ০৬ নভেম্বর ২০১৮; সকাল ১০:৩০ ঘটিকা।
স্থান : সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট - ক।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বিগত ২৬ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচির অগ্রগতি বিষয়ে আলোচনার সুত্রপাত করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমন্বয়) প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচিসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

নং	বিগত ২৬ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি	অগ্রগতি ও সিদ্ধান্ত	কর্মসূচি বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
০১.	মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার কৃষি ভবন, সেচ ভবন, বীজ ভবন এবং বিএডিসি'র আওতায় মাঠ পর্যায়ে সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা এবং সূর্যোস্তের পর জাতীয় পতাকা নামানো।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার কৃষি ভবনে যথাসময়ে ও যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন এবং নামানোর প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সভায় বিভিন্ন বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার যথাসময়ে ও যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন এবং নামানোর জন্য মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা দেয়া হয়েছে।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ ০২. সকল অফিস প্রধান ০৩. সকল প্রধান শিক্ষক।
০২.	মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষ্যে কৃষি ভবন, সেচ ভবন ও বীজ ভবনে আলোকসজ্জার আয়োজন করা (১৫.১২.২০১৮ ও ১৬.১২.২০১৮ তারিখ উভয় দিন সন্ধ্যা থেকে) এবং কৃষি ভবন এর সম্মুখ অংশ বিভিন্ন রং এর পতাকা দ্বারা সজ্জিত/শোভিত করা। কৃষি ভবনের ছাদে বাংলাদেশের বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন এবং নামানো।	সভায় নির্মাণ বিভাগ হতে জানানো হয়, মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষ্যে আগামী ১৫.১২.২০১৮ ও ১৬.১২.২০১৮ তারিখ সিদ্ধান্ত মোতাবেক কৃষি ভবনে আলোকসজ্জার আয়োজন করা হবে। সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, কৃষি ভবন এর সম্মুখ অংশ বিভিন্ন রং এর পতাকা দ্বারা সজ্জিত/শোভিত এবং কৃষি ভবনের ছাদে বাংলাদেশের বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন এবং নামানোর প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।	০১. নির্মাণ বিভাগ ০২. সাধারণ পরিচর্যা বিভাগ ০৩. সংশ্লিষ্ট অফিস প্রধান।


নং	বিগত ২৬ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি	অগ্রগতি ও সিদ্ধান্ত	কর্মসূচি বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
০৩.	আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার সকাল ৬:৩০ ঘটিকায় কৃষি ভবন হতে রওনা হয়ে বিএডিসি কর্তৃক সম্মিলিতভাবে সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার কৃষি ভবন হতে রওনা হয়ে বিএডিসি কর্তৃক সম্মিলিতভাবে সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করার নিমিত্ত যথাসময়ে সকল প্রস্তুতি সম্পন্ন করা হবে। সভায় কৃষি ভবন হতে সকাল ৬:৪৫ ঘটিকায় বাস/যানবাহন ছাড়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ আপ্যায়ন এর বিষয়ে মহাব্যবস্থাপক (সার)কে আহবায়ক, মহাব্যবস্থাপক (তদন্ত), ব্যবস্থাপক (উন্নয়ন), উপপ্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)-১, যুগ্মসচিব (সাঃ পরিঃ) এবং ব্যবস্থাপক (রাজস্ব)কে সদস্য এবং সাধারণ সম্পাদক (সিবিএ, বিএডিসি)কে সদস্য সচিব করে সভায় একটি আপ্যায়ন কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কমিটি প্রয়োজনে অন্য কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে। আপ্যায়নের খরচ/বরাদ্দ অর্থ বিভাগ, বিএডিসি'র মাধ্যমে নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হলো।	০১. অর্থ বিভাগ ০২. সাধারণ পরিচর্যা বিভাগ ও সংশ্লিষ্ট কমিটি।
০৪.	বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের সাভারে যাতায়াতের সুবিধার্থে প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা করা।	সভায় যুগ্মসচিব (সাঃ পরিঃ) জানান যে, বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের সাভারে যাতায়াতের সুবিধার্থে প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা করা হবে। কৃষি ভবন (৬:৪৫ ঘটিকা) হতে সেচ ভবন (৭:১৫ ঘটিকা) হয়ে একটি বাস এবং বিএডিসি'র স্টাফ কোয়ার্টার হতে একটি বাসসহ মোট দুইটি বাস টেকনিক্যাল মোড়ে সকাল ৭:৩০ ঘটিকায় একত্রিত হয়ে সাভার জাতীয় স্মৃতিসৌধের উদ্দেশ্যে একসাথে যাত্রা করার সিদ্ধান্ত সভায় গ্রহণ করা হয়।	সাধারণ পরিচর্যা বিভাগ।
০৫.	সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার বিএডিসি'র আওতায় মাঠ পর্যায়ে সকল মসজিদ ও অন্যান্য উপাসনালয়ে প্রার্থনার আয়োজন করা এবং আগামী ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ সোমবার কৃষি ভবনের নামাজ কক্ষে বাদ যোহর বিশেষ মোনাজাতের আয়োজন করা হবে। বিভিন্ন বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা দেয়া হয়েছে। আগামী ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ সোমবার কৃষি ভবনের নামাজ কক্ষে বাদ যোহর বিশেষ মোনাজাতের পর তবারক বিতরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ সংক্রান্ত খরচ অর্থ বিভাগ, বিএডিসি'র	০১. অর্থ বিভাগ। ০২. নিয়োগ ও কল্যাণ বিভাগ। ০৩. সাধারণ পরিচর্যা বিভাগ।	

নং	বিগত ২৬ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি	অগ্রগতি ও সিদ্ধান্ত	কর্মসূচি বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
০৬.	বিএডিসি'র ঢাকাস্থ সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে আগামী ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ সোমবার বেলা ২:০০ ঘটিকায় কৃষি ভবনের সম্মেলন কক্ষে “সুখী সমৃদ্ধ বাংলাদেশ গঠনের লক্ষ্যে ডিজিটাল প্রযুক্তির সার্বজনীন ব্যবহার এবং মুক্তিযুদ্ধ” শীর্ষক আলোচনা সভা এবং মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র/মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করা।	সভায় যুগ্মসচিব (নিওক) জানান যে, আগামী ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ সোমবার কৃষি ভবনের সম্মেলন কক্ষে আলোচনা সভা আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। বিভিন্ন বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, কর্মকর্তা ও কর্মচারীদের বেলা ০২:০০ ঘটিকায় কৃষি ভবনের সম্মেলন কক্ষে আলোচনা সভায় অংশগ্রহণের জন্য অবহিত করা হয়েছে।	০১. নিয়োগ ও কল্যাণ বিভাগ ০২. সাধারণ পরিচর্যা বিভাগ ০৩. জনসংযোগ বিভাগ ও ০৪. সকল বিভাগ/দপ্তর প্রধান।
০৭.	মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী রচনা, বিতর্ক ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ বিভিন্ন খেলাধুলা (ক্রিকেট টুর্নামেন্ট, ফুটবল, কাবাডি ও হাডুডু) এবং মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা।	সভায় যুগ্মসচিব (নিওক) জানান যে, আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার সারাদেশে বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কর্মসূচি বাস্তবায়নের জন্য সকল প্রধান শিক্ষককে অবহিত করা হয়েছে।	০১. নিয়োগ ও কল্যাণ বিভাগ, ০২. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণ।
০৮.	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মহান বিজয় দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করা। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের দপ্তরপ্রধানগণকে বিষয়টি অবহিত করবেন।	সভায় বিভিন্ন বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, মাঠ পর্যায়ে বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে।	০১. মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান ০২. সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ।

০৩. মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষ্যে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ অর্থ বিভাগ, বিএডিসি'র মাধ্যমে নির্বাহের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৪. সভাপতি মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে সকল কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত গৃহীত প্রস্তুতির জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং মহান বিজয় দিবস ২০১৮ উদযাপনের জন্য বিএডিসি কর্তৃক গৃহীত সকল কার্যক্রমে সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে অংশগ্রহণের অনুরোধ জানান।

০৫. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 মোঃ ফজলে ওয়াহেদ খান্দকার
 চেয়ারম্যান, বিএডিসি

ও

সভাপতি

মহান বিজয় দিবস-২০১৮ উদযাপনের

ফলোআপ সভা।